

আলোকিত অন্ধকার অথবা অন্ধ আলো

কোন কোন যাওয়া মানে
ফিরে আসা সূক্ষ্ম সুর, সুমধুর,
কোন কোন থেকে যাওয়াই বরং
উণ্টোপথ হাঁটে বহুদূর...

কোন কোন নৈকট্য মানেই
মাঝখানে সমুদুর সুগভীর,
কোন কোন দুরত্ব মানেই
বুকের ভেতর পাঁজরে নিবিড়...

কোন কোন কথা মানে
অর্থহীন শব্দের করাত,
কোন কোন নীরবতা মানে
গভীর অন্ধকারে আলোকজ্জ্বল স্বপ্নের প্রাসাদ
...

কোন কোন দৃষ্টি মানে অন্ধের অধিক
বন্ধাত্ব, মজ্জাগত অন্ধকূপ
কোন কোন অন্ধ মানে মঙ্গলালোক
বৃত্ত-ভাঙা, অন্তর্গত মুগ্ধ -রূপ ..

কোন কোন ফিরে আসা মানে
পরাজিত নতমুখ বিধবস্ত
সৈনিক,
কোন কোন যাওয়া মানেই
বীজ বপনের তুমুল শপথ ;
স্বপ্ন ডানায় বিহঙ্গ আজ
পথ চিনে নিক ...

রওশন ঝুঁনু

